

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
চাটখিল, নোয়াখালী।

স্মারক নং-১২.১৮.৭৫১০.০৪১.৪৬.০০০.২১-৫১৬

তারিখঃ ০২/০১/২০২৪খ্রিঃ

বিসিআইসি সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সম্পর্কিত নীতিমালা-২০০৯ এর আলোকে এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির স্মারক নং-১২.১৮.৭৫১০.০৪১.৪৬.০০০.২১-৪১৯, তারিখঃ ০৯/১১/২০২৩খ্রিঃ সভার সিদ্ধান্ত মোতাবেক নোয়াখালী জেলার চাটখিল উপজেলার ২নং রামনারায়ণপুর ইউনিয়নে ০১ (এক) জন এবং ৬নং পাঁচগাঁও ইউনিয়নে ০১ (এক) জন, মোট ০২ (দুই) জন বিসিআইসি সার ডিলার নিয়োগ করা হবে। উক্ত ডিলার নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলার আগ্রহী প্রার্থীর নিকট হতে সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে (প্রয়োজনীয় কাগজপত্রসহ) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে আগামী ৩১/০১/২০২৪ খ্রিঃ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে গ্রহন/জমা নেওয়া হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহন করা হবে না। আবেদনের সাথে সার ডিলার নিয়োগ সম্পর্কিত যাবতীয় শর্তাবলী ও তথ্যাদি উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, সার ডিলার নিয়োগের ক্ষেত্রে ২নং রামনারায়ণপুর ইউনিয়ন এবং ৬নং পাঁচগাঁও ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ব্যবসায়ীদের অগ্রাধিকার দেওয়া হবে এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রার্থী না থাকলে পার্শ্ববর্তী ইউনিয়ন ও পরে উপজেলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবে। অসম্পূর্ণ কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।



উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

চাটখিল, নোয়াখালী।